

## মুসনাদে আহমাদ

হাদিস নাম্বারঃ ১২৯

(مسند عمر بن الخطاب) [উমারের বর্ণিত হাদিস]

আরবী

حَدَّثَنَا عَفَانُ، حَدَّثَنَا حَمَادُ بْنُ سَلَمَةَ، عَنْ عَلَيِّ بْنِ زَيْدٍ، عَنْ أَبِي رَافِعٍ: أَنَّ عُمَرَ بْنَ الْخَطَّابِ، كَانَ مُسْتَنِدًا إِلَى أَبْنِ عَبَّاسٍ، وَعِنْهُ أَبْنُ عُمَرَ، وَسَعِيدُ بْنُ زَيْدٍ، فَقَالَ: أَعْلَمُوا أَنِّي لَمْ أَقُلْ فِي الْكَلَالَةِ شَيْئًا، وَلَمْ أَسْتَخْلِفْ مِنْ بَعْدِي أَحَدًا، وَأَنَّهُ مَنْ أَدْرَكَ وَفَاتِي مِنْ سَبِّي الْعَرَبِ، فَهُوَ حُرٌّ مِنْ مَالِ اللَّهِ عَزَّ وَجَلَّ، فَقَالَ سَعِيدُ بْنُ زَيْدٍ: أَمَا إِنَّكَ لَوْ أَشَرْتَ بِرَجُلٍ مِنَ الْمُسْلِمِينَ، لَأَتَمَنَّكَ النَّاسُ، وَقَدْ فَعَلَ ذَلِكَ أَبُو بَكْرٍ وَأَتَمَنَّهُ النَّاسُ. فَقَالَ عُمَرُ: قَدْ رَأَيْتُ مِنْ أَصْحَابِي حِرْصًا سَيِّئًا، وَإِنِّي جَاعِلٌ هَذَا الْأَمْرِ إِلَى هُولَاءِ النَّفَرِ السِّتَّةِ الَّذِينَ مَاتَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ عَنْهُمْ رَاضٍ، ثُمَّ قَالَ عُمَرُ: لَوْ أَدْرَكَنِي أَحَدُ رَجُلَيْنِ، ثُمَّ جَعَلْتُ هَذَا الْأَمْرِ إِلَيْهِ لَوْثَقْتُ بِهِ: سَالِمٌ مَوْلَى أَبِي حُذِيفَةَ، وَأَبُو عَبِيدَةَ بْنَ الْجَرَاحِ

إسناده ضعيف لضعف علي بن زيد - أبو رافع: هو نفيع بن رافع  
الصائر

وأخرجه ابن سعد في "الطبقات" 3 / 342 عن عفان بن مسلم، بهذا الإسناد

বাংলা

১২৯। 'আবু রাফে' থেকে বর্ণিত। উমার ইবনুল খাতাব (রাঃ) ইবনুল আবাস (রাঃ) এর ওপর আস্থাশীল ছিলেন। তার কাছে ইবনে উমার ও সাঈদ বিন যায়িদও ছিলেন। উমার (রাঃ) বললেন, তোমরা জেনে রাখ, আমি কালালা (নিঃসন্তান অবস্থায় মৃত্যুবরণকারী) সম্পর্কে কিছু বলি নি, আর আমি আমার পরে কাউকে উত্তরসূরী মনোনীতও করিনি। আরবের যে সকল বন্দী আমার মৃত্যুর সময় জীবিত থাকবে, তারা আল্লাহর সম্পদ থেকে স্বাধীন হয়ে যাবে। (অর্থাৎ কোন মুক্তিপণ না দিয়েই তারা মুক্ত হবে।) সাঈদ বিন যায়িদ বললেনঃ দেখুন, আপনি যদি মুসলিমদের মধ্য থেকে কোন ব্যক্তির দিকে ইঙ্গিত করেন, (অর্থাৎ উত্তরসূরী হিসাবে মনোনীত করেন) তবে জনগণ আপনার ওপর আস্থা স্থাপন করবে, (অর্থাৎ আপনার মনোনয়ন মেনে নেবে) আবু বাকরও একে করেছিলেন এবং

জনগণ তার ওপর আস্থা স্থাপন করেছিল।

উমার (রাঃ) বললেনঃ আমি আমার সাথীদের মধ্যে খারাপ ধরনের লোক দেখেছি। আমি এই দায়িত্ব (খালীফা মনোনয়ন) সেই ছয় ব্যক্তির ওপর ন্যস্ত করবো, যাদের ওপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সন্তুষ্ট থাকা অবস্থায়ই ইন্তিকাল করেছেন। তারপর উমার (রাঃ) পুনরায় বললেনঃ আমি বেঁচে থাকতে যদি আবু হ্যাইফার সাবেক দাস সালেম এবং আবু উবাইদা ইবনুল জাররাহ এই দু'জনের একজনকেও পাই, তবে আমি আস্থার সাথে তার কাছে এই দায়িত্ব অর্পণ করতে পারবো।

হাদিসের মান: যঙ্গিফ (Dai'f) পুনঃনিরীক্ষণ বাকি

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=62924>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন